

নম্বর-০৪.০০.০০০০.১১১.০৪.১০৯.১৫-২৫২

০৬ কার্তিক ১৪২২
তারিখঃ-----
২১ অক্টোবর ২০১৫

পরিপত্র

বিষয়ঃ মোবাইল কোর্ট আইন, ২০০৯ ও প্রাসঙ্গিক অন্যান্য আইনের আলোকে মোবাইল কোর্ট পরিচালনার সময় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর আইনি এখতিয়ারের মধ্যে সীমাবদ্ধ থাকা এবং আইনে বিধান না থাকলে কারখানা বা স্থাবর সম্পত্তি সিলগালা না করা সম্পর্কে মাননীয় হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুসরণ।

রিট পিটিশন নম্বর-৪০৭/২০১৫-এ মাননীয় হাইকোর্ট বিভাগ নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন:

“(4) Respondent No.6 being the Cabinet Secretary is directed to issue a Circular to all Executive Magistrates within 2 months from the date of receipt of the copy of this Judgment to the effect that while exercising powers under Mobile Court Ain, 2009 and the relevant laws they must not exceed their lawful authority and must not put a factory or an immovable property under sealed lock and key unless authorized by the relevant law.”

২। মাননীয় হাইকোর্ট বিভাগের নির্দেশনার আলোকে তাঁর প্রতিষ্ঠানে বা তাঁর প্রতিষ্ঠানের আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/কার্যালয়ে কর্মরত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল। ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্যও অনুরোধ করা হল।

X. P. Rahman
21/10/15
(মোহাম্মদ খালেদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৯৫৭৪৫৩৯

e-mail: law_cell@cabinet.gov.bd

বিতরণঃ

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল) -----বিভাগ।
- ৪। জেলা ম্যাজিস্ট্রেট (সকল)-----জেলা।

অনুলিপি:

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।